

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ৬, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ অগ্রহায়ণ ১৪২২ বঙ্গাব্দ/২৯ নভেম্বর ২০১৫ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৫২-আইন/২০১৫/৬০/কাস্টমস —Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1), মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এর স�িত পঠিতব্য এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮নং আইন) এর ধারা ১৭ এর বিধান অনুযায়ী হাই-টেক পার্ক প্রতিষ্ঠার লক্ষ্যে উক্ত আইনের ধারা ২০ অনুসারে নিয়োগপ্রাপ্ত ডেভেলপারকে হাই-টেক পার্ক উন্নয়ন কাজে ব্যবহার্য পণ্য আমদানিতে উহার উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, রেগুলেটরী ডিউটি, সম্পূরক শুল্ক এবং মূল্য সংযোজন কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্তসমূহ

- (১) হাই-টেক পার্ক ডেভেলপারকে মূল্য সংযোজন কর নিবন্ধিত হইতে হইবে;
- (২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানির ক্ষেত্রে পণ্যের নাম, বিবরণ, পরিমাণ সংক্রান্ত তথ্য হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত ও প্রত্যায়িত হইতে হইবে :

( ১০৫৫৭ )

মূল্য : টাকা ৮.০০

তবে শর্ত থাকে যে, বাংলাদেশ সহজলভ্য এমন নির্মাণ সামগ্রী যথা, এমএস রড/বার, সিমেন্ট, প্রি-ফ্রিকেটেড বিল্ডিং, আয়রন/স্টীল সীট আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না ; এবং

- (৩) হাই-টেক পার্ক উন্নয়ন এবং নির্মাণের সহিত সরাসরি সম্পৃক্ত নয় এরূপ কোন পণ্য যথা, অফিস সরঞ্জামাদি, এয়ারকন্ডিশনার, রেফ্রিজারেটর, যাত্রীবাহী যানবাহন, গৃহস্থালী-ব্যবহার্য দ্রব্যাদি এবং অনুরূপ অন্যান্য পণ্য আমদানিতে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সচিব।